

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৩-৬০

১৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ:-----
৩০ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির ফলে ৬৫ বছরের উর্ধ্ব বয়সী পেনশনারের পেনশন ও চিকিৎসা ভাতার হার নির্ধারণের বিষয়ে উদ্ভূত সমস্যা নিরসন।

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.০৮.৬২৫.১৩-৬২৩, তারিখ: ১৯-০৪-২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির ফলে ৬৫ বছরের উর্ধ্ব বয়সী পেনশনারের পেনশন ও চিকিৎসা ভাতার হার নির্ধারণের বিষয়ে উদ্ভূত সমস্যা নিরসনে অর্থ বিভাগের মতামত নিম্নরূপ :

(১) মাসিক নিট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণের বয়স যে তারিখে ৬৫ বছর ১ দিন পূর্ণ হবে সে তারিখ হতে ৩০-০৬-২০১৫ তারিখে প্রাপ্ত নিট পেনশনের ভিত্তিতে তাদের নিট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি পাবে। তবে ০১-০৭-২০১৫ তারিখের পূর্বে যাদের বয়স ৬৫ বছরের কম ছিল তাদের পেনশনের পরিমাণ প্রথমে ৩০-০৬-২০১৫ তারিখে প্রাপ্ত নিট পেনশনের উপর ০১-০৭-২০১৫ তারিখে ৪০% বৃদ্ধি পাবে এবং যে তারিখে তাদের বয়স ৬৫ বছর ১ দিন পূর্ণ হবে সে তারিখ হতে তাদের পেনশন ৩০-০৬-২০১৫ তারিখের নিট পেনশনের ভিত্তিতে অবশিষ্ট (৫০%-৪০%)=১০% বৃদ্ধি প্রদেয় হবে।

(২) মাসিক নিট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণের বয়স যে তারিখে ৬৫ বছর ১ দিন পূর্ণ হবে সে তারিখ হতে তারা ২৫০০/- টাকা হারে মাসিক চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন।

(৩) যে সকল পেনশনার প্রতি বছর ০১ জুলাই তারিখে নিট পেনশনের উপরে ৫% ইনক্রিমেন্ট পাওয়ার পর একই বছরে ৬৫ বছর উর্ধ্ব বয়সে উপনীত হবেন তাদের ক্ষেত্রে একই বছরে অবশিষ্ট ১০% বৃদ্ধিজনিত কারণে ২ বার নিট পেনশন বৃদ্ধি করার অপশন অনলাইনে (iBAS++) চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। একইভাবে উক্ত পেনশনার একই বছরে যে তারিখে ৬৫ বছরের উর্ধ্ব বয়সে উপনীত হবেন সে তারিখ হতে চিকিৎসা ভাতা মাসিক ২৫০০/-টাকা হারে প্রাপ্তির অপশন অনলাইনে (iBAS++) চালু করতে হবে।

স্বাক্ষরিত/-
(আছমা আরা বেগম)
উপ সচিব
ফোন: ৯৫৪০১৮১

০১। হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

০২। কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি,
সেগুনবাগিচা, ঢাকা।

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৩-৬০(১)


১৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ:-----
৩০ মে ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
তঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----সকল মন্ত্রণালয়/বিভাগ।
তঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-২

- ৪। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
তঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। অতিরিক্ত সচিব (বাস্তবায়ন) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্ম সচিব (রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় কমিশনার----- (সকল)।
তঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা।
তঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৯। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, FSMU, অর্থ বিভাগ। পত্রটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ----- (সকল)।


(আছমা আরা বেগম)
উপ সচিব
ফোন: ৯৫৪০১৮১